ইত্তেফাক

তারিখ ... ৬।৫।৮৩ ...
পৃষ্ঠা ... ...





# আবুল ফজলের ইন্তেকাল

(ইত্তেফাক রিপোর্ট)

প্রখ্যাত সাহিত্যিক, শিক্ষাবিদ ও চিন্তাবিদ অধ্যাপক আবুল ফজল গতকাল বুধবার রাত ১১-১০ মিনিটে চট্টগ্রামের কাজীর দেউড়ীস্থ স্বীয় বাসভবনে ইন্তেকাল করিয়াছেন (ইন্নালিল্লাহে... রাজেউন)। তিনি দীর্ঘদিন যাবত বার্ধক্যজনিত রোগে শয্যাশায়িত ছিলেন। আমাদের চট্টগ্রাম অফিস জানায়, গতকাল বিকালে তিনি সংজ্ঞাহীন হইয়া পড়েন। তাঁহাকে অক্সিজেন দেওয়া হইতেছিল। মৃত্যুকালে তাঁহার বয়স হইয়াছিল ৮০ বৎসর।

মরহুম আবুল ফজল ১৯০৩ সালে চট্টগ্রামের সাতকানিয়া থানার কেউরচিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। উপন্যাস, প্রবন্ধ ও আত্মজীবনীসহ তাঁর মোট ৬০টি গ্রন্থ প্রকাশিত হইয়াছে। তাঁহার প্রথম উপন্যাসের নাম

(৮ম পৃঃ ২-এর কঃ দঃ)

## আবুল ফজলের ইন্তেকাল

(১ম পৃঃ পর)

'চৌচির'। তাঁহার 'কোরানের বাণী' নামক অনুবাদ গ্রন্থটি প্রচুর খ্যাতি অর্জন করিয়াছে। তাঁহার রচিত 'দি জানি ইজ এণ্ড' বেশ কয়েকটি ভাষায় অনূদিত হইয়াছে।

অধ্যাপক আবুল ফজল দেশ স্বাধীন হওয়ার পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরের দায়িত্ব পালন করেন। তিনি এক সময় বাংলাদেশ সরকারের শিক্ষা উপদেষ্টা এবং শিক্ষা মন্ত্রীও ছিলেন। তিনি তদানীন্তন পাকিস্তান সরকারের প্রেসিডেন্ট পুরস্কার, বাংলা একাডেমী পুরস্কার এবং একুশে পদক লাভ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় তাঁহাকে সম্মানসূচক ডি,লিট উপাধিতে ভূষিত করেন।